# AKASHVANI (AIR)
## RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date: 28.08.2024 Time: 7.35AM**

বিশেষ বিশেষ খবর –

১) ছাত্র সমাজের নবান্ন অভিযানে পুলিশী অত্যাচারের প্রতিবাদে বিজেপি-র ডাকে ১২ ঘণ্টার বনধ আজ সকাল থেকে শুরু হয়েছে।

সকাল থেকে বনধ সমর্থকেরা বিভিন্ন জায়গায় সড়ক ও রেল অবরোধ করেছে। তবে, ট্রেন চলাচল কিছুটা ব্যাহত হলেও যান চলাচল এখনও পর্যন্ত স্বাভাবিক।

২) রাজ্য সরকার আজকের বনধ মানবে না বলে স্পষ্ট জানিয়েছে। জনজীবন স্বাভাবিক রাখতে সবরকম ব্যবস্থা নেওয়া হয়েছে।

৩) তৃণমূল কংগ্রেস ছাত্র পরিষদ ও পশ্চিমবঙ্গ রাজ্য ছাত্র পরিষদের ৭১-তম প্রতিষ্ঠা দিবস উপলক্ষে আজ বিভিন্ন কর্মসূচী নেওয়া হয়েছে।

৪) রেশন দুর্নীতি কান্ডে জেলবন্দি তিন অভিযুক্ত বাকিবুর রহমান, শঙ্কর আঢ্য ও বিশ্বজিৎ দাসের জামিন মঞ্জুর।

৫) গতবারের বিজয়ী মোহনবাগান সুপার জায়েন্ট ১৩৩-তম ডুরান্ডকাপ ফুটবলের ফাইনালে নর্থ ইস্ট ইউনাইটেডের মুখোমুখি হবে।

oooooooooooooooooooooooooo

ছাত্র সমাজের ডাকা নবান্ন অভিযানে পুলিশী আচরণের প্রতিবাদে বিজেপি-র ডাকে ১২ ঘন্টার বাংলা বন্ধ আজ সকাল ৬-টা থেকে শুরু হয়েছে। দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার গতকাল কলকাতায় ছাত্রদের ওপর পুলিশের আক্রমণের তীব্র নিন্দা করে এই বনধ্ ডাকার কথা ঘোষণা করেন। এক সাংবাদিক বৈঠকে তিনি বলেন,

(বাইট – সুকান্ত)

এদিকে, সকাল থেকে বনধ সমর্থকেরা বিভিন্ন জায়গায় পিকেটিং শুরু করেছেন। বিজেপি নেত্রী অগ্নিমিত্রা পাল সাড়ে ৬-টা নাগাদ, যদবাবু বাজারের সামনে রাস্তায় বসে পড়েন। যানবাহন চলাচল এখনও অবশ্য স্বাভাবিক বলে জানা গেছে। কলকাতার রাস্তায় প্রচুর সংখ্যক সরকারী বাস চোখে পড়ছে। বিমান, মেট্রো, ও ফেরী চলাচলও স্বাভাবিক।

তবে, শিয়ালদার মেন ও দক্ষিণ শাখার বিভিন্ন স্টেশনে বনধ সমর্থকেরা ওভারহেড তারে কলাপাতা ফেলে বিক্ষোভ দেখাচ্ছেন। এর জেরে ট্রেন চলাচল ব্যাহত।

হাওড়া শাখার বিভিন্ন স্টেশনেও ট্রেন চলাচল ব্যাহত। হুগলী স্টেশনে রেল লাইনে শুয়ে, বিজেপি কর্মী – সমর্থকরা ব্যান্ডেল – হাওড়া লোকাল আটকে দেন। কাটোয়া স্টেশনে সকালে মিনিট ১৫-র জন্য অবরোধ করা হয়। পরে অবশ্য পুলিশ তা হঠিয়ে দেয়।

বনগাঁ, ডায়মন্ডহারবার, কল্যাণী ও কৃষ্ণনগর স্টেশনে চলেছে রেল অবরোধ। বন্ধ সর্বাত্মকভাবে পালন করতে রাজ্য বিজেপি নেতৃত্ব বিভিন্ন পরিকল্পনা নিয়েছেন দলীয় সূত্রে জানা গেছে, শ্যামবাজার, গড়িয়াহাট, ডানলপের মতো গুরুত্বপূর্ণ রাস্তায় তাদের অবরোধের কর্মসূচী রয়েছে।

oooooooooooooooooooooooooo

বিজেপির ডাকা ১২ ঘন্টা বনধে বর্ধমানে টাউনে বাস চলাচল করছে, ট্রেনচলাচলও স্বাভাবিক। দূর পাল্লার বাস রাস্তায় নেমেছে। তবে অন্যদিনের তুলনায় রাস্তা ঘাটে লোকজন কম। দোকানপাট এখনো খোলেনি।
পশ্চিম বর্ধমানের কুলটির নিয়ামতপুরে বিজেপি জিটি রোড অবরোধ করেছে।

এদিকে গত সন্ধ্যায় বিজেপির ডাকা বনধকে ব্যার্থ করতে তৃনমুল জেলার বিভিন্ন জায়গায় মিছিল বের করে। অন্যদিকে বিজেপির পক্ষ থেকে বনধকে সফল করার জন্য বিভিন্ন জায়গায় মাইকিং করা হয়।

oooooooooooooooooooooooo

বনধের সমর্থনে মাইকিং করার সময় গত সন্ধ্যায় কোচবিহারের তুফানগঞ্জে বিজেপি-র প্রচার গাড়িতে হামলা ও ভাঙচুরের অভিযোগ উঠেছে শাসক দলের বিরুদ্ধে। তবে, তৃণমূলের দাবি প্রচার গাড়িটি মাইকিং করতে গিয়ে এক বাইক আরোহীকে ধাক্কা মারে। সে কারণেই স্থানীয় লোকজন গাড়িটির ওপর চড়াও হয়। মুর্শিদাবাদেও তৃণমূল কংগ্রেসের পক্ষ থেকে বনধ ব্যর্থ করার জন্য গতরাতে ব্যাপক প্রচার চালানো হয়।

অন্যদিকে, বনধ সফল করার জন্য বিজেপি-র পক্ষ থেকে গত সন্ধ্যায় জলপাইগুড়ির ধুপগুড়িতে এক Rally বের করা হয়। শিলিগুড়ির সবদর হাসমিচক থেকেও এক মিছিল হিলকাড রোড সহ বিভিন্ন পথ পরিক্রমা করে। ওই মিছিলে বাংলা বনধ সফল করার আহ্বান জানানো হয়।

ooooooooooooooooooooooooo

এদিকে বিজেপির ডাকা বন্ধ, রাজ্য সরকার মানবে না বলে স্পষ্ট জানিয়েছে। , জনজীবন সচল রাখতে সবরকম ব্যবস্থা নেওয়া হচ্ছে বলে মুখ্যমন্ত্রীর প্রধান উপদেষ্টা আলাপন বন্দ্যোপাধ্যায় গতকাল নবান্নে জানিয়েছেন।

(বাইট – আলাপন)

জনজীবন স্বাভাবিক রাখতে রাষ্ট্রীয় পরিবহনের সব কর্মীর ছুটি আজ বাতিল করা হয়েছে বলে, রাজ্যের পরিবহণ মন্ত্রী স্নেহাশিস চক্রবর্তী জানিয়েছেন।

(বাইট – স্নেহাশিষ)

অন্যদিকে, পুজোর আগে বাংলার অর্থনীতির ওপর আঘাত হানতেই বিজেপি বাংলা বন্‌ধের ডাক দিয়েছে বলে তৃণমূল কংগ্রেস অভিযোগ করেছে। দলের মুখপাত্র, অর্থমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য গতকাল নবান্নে মন্ত্রী ব্রাত্য বসু, অরূপ বিশ্বাস ও ইন্দ্রনীল সেনকে পাশে নিয়ে এক সাংবাদিক বৈঠকে বলেন, সাধারণ মানুষ বিজেপির অভিসন্ধি বুঝতে পারছে।

oooooooooooooooooooooooo

আজকের জন্য পরিবহন দপ্তরের পক্ষে বেশ কিছু কন্ট্রোল রুম খোলা হয়েছে। এগুলির নম্বর হোল ।

৮৬৯৭৭৩৩৩৯১ ও ৮৬৯৭৭৩৩৩৯২।

এছাড়া দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহনের জন্য কন্ট্রোল রুম নম্বর ৮৪২০১৭৫১৩৩ ও ৯৪৭৪০৫২৩৮৯। ।

উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থার নম্বর 9046229033.

ooooooooooooooooooooooooo

সিপিআইএম, বিজেপির ডাকা আজকের **১২** ঘণ্টা বন্ধের কঠোর সমালোচনা করেছে। গতকাল এক বিবৃতিতে দলের রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম বলেন, আর জি কর হাসপাতালে চিকিৎসক ছাত্রীকে ধর্ষণ করে খুনের ন্যক্কারজনক ঘটনার প্রতিবাদে রাজ্যের সব অংশের মানুষ যখন প্রতিবাদে নেমেছেন, তখন বিজেপি তাকে দিকভ্রান্ত করতে পরিকল্পিত ও উদ্দেশ্যপ্রণোদিত রাজনীতি করতে নেমেছে। এরাজ্যের রাজনীতিতে বিজেপি এবং তৃণমূল তাদের হারিয়ে যাওয়া দ্বিমেরু রাজনীতি ফিরিয়ে আনতে চাইছে। প্রশাসনকেও তাতে নামানো হয়েছে। সেজন্যই গতকাল নবান্নে

বিজেপি'র কর্মসূচীতে যত না আন্দোলনকারী ছিলেন তার থেকে বেশি পুলিশী বন্দোবস্ত, এবং যুদ্ধকালীন আবহাওয়া তৈরি করে সরকারি তরফেও প্রচারকে তুঙ্গে নিয়ে যাওয়ার চেষ্টা হয়েছে বলে তাঁর দাবি।

সেলিম আরও বলেন অবিলম্বে ন্যায়বিচার হোক সিপিআইএম সেটাই চায়। ন্যয় বিচারের আন্দোলনে তারাও সামিল হয়েছেন।

বিজেপি বনধ্ এর অছিলায় মানুষের ঐক্যবদ্ধ প্রতিবাদ ভাঙতে ধর্মীয় বিভাজনের চেষ্টাও করতে পারে বলে দাবী করে সি পি আই এম রাজ্য সভাপতি এ বায়াপারে সবাইকে সজাগ ও সতর্ক থাকার পরামর্শ দেন ।

SUCI ( communist) ও BJP র ডাকা বনধ কে সমর্থন না করার সিদ্ধান্ত নিয়েছে। তবে তারা এর বিরোধিতা ও করবেনা বলে দলের রাজ্যে সম্পাদক চণ্ডীদাস ভট্টাচার্য গতকাল এক বিবৃতিতে জানান। গতকাল নবান্ন অভিযানকে ঘিরে পুলিশ যে ভূমিকা নেয় তিনি তারও নিন্দা করেন।

ooooooooooooooooo

আগেই জানানো হয়েছে RG KAR কান্ডের প্রতিবাদে এবং মুখ্যমন্ত্রীর পদত্যাগের দাবীতে, ছাত্র সমাজের ডাকা 'নবান্ন অভিযান'-কে কেন্দ্র করে জনতা-পুলিশ খন্ডযুদ্ধে গতকাল পরিস্থিতি অগ্নিগর্ভ হয়ে ওঠে। কলকাতা ও হাওড়ার নবান্নমুখী সব রাস্তাই রণক্ষেত্রে পরিণত হয়। মুহুর্মুহু কাঁদানে গ্যাস এবং লাগাতার জল কামান ছুঁড়েও মিছিলকারীদের হঠানো যায়নি। পিছিয়ে গিয়েও তারা বারবার ফিরে আসেন, ঝাঁপিয়ে পড়েন ব্যারিকেডের ওপর। জনতাকে ছত্রভঙ্গ করতে লাঠিচার্জ'ও করে পুলিশ। এতে কয়েকজন আন্দোলনকারী আহত হন বলে অভিযোগ। অন্যদিকে, বিক্ষোভকারীদের ছোঁড়া ইটের ঘায়ে এক পুলিশ কর্মীর মাথা ফাটে। বাবুঘাটে পুলিশের একটি বাইক জ্বালিয়ে দেওয়া হয়। বিক্ষোভকারীদের তাড়া করতে দেখা যা য় পুলিশকর্মীকে। কলকাতা ও হাওড়ার বিভিন্ন রাস্তায় যান চলাচল স্বাভাবিক হতে সন্ধ্যা গড়িয়ে যায়।

পুলিশ গতকালের ওই ঘটনায় মোট ২২০ জনকে গ্রেপ্তার করেছে বলে লালবাজার সূত্রে জানা গেছে।

কোনো রকম প্ররোচনায় পা না দিয়ে পুলিশ গতকাল অত্যন্ত সংযমের সঙ্গে ছাত্র সমাজের আন্দোলনের মোকাবিলা করেছে বলে ADG দক্ষিণবঙ্গ সুপ্রতীম সরকার দাবী করেছেন। নবান্নে ADG আইনশৃঙ্খলা মনোজ ভার্মার সঙ্গে এক যৌথ সাংবাদিক বৈঠকে তিনি বলেন, তিন ঘন্টা ধরে যারা তান্ডব চালিয়েছে, তারা কেউ ছাত্র সমাজের প্রতিনিধি বলে তাঁদের মনে হয়নি।

এদিকে, গ্রেপ্তার হওয়া ছাত্রদের মুক্তির দাবীতে সুকান্ত মজুমদার সহ বিজেপি নেতা কর্মীদের লালবাজার অভিযানকে কেন্দ্র করে'ও গতকাল পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে। পুলিশ মিছিল আটকে দিলে রাস্তায় বসে বিক্ষোভ দেখান তাঁরা। ব্যারিকেড ভেঙে বিজেপি কর্মীরা এগোনোর চেষ্টা করলে পুলিশ কাঁদানে গ্যাস ছোঁড়ে। তার ধোঁয়ায় অসুস্থ হয়ে পড়েন রাজ্য সভাপতি তথা কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী। নিরাপত্তা রক্ষী এবং দলীয় কর্মীরা দ্রুত তাঁকে সরিয়ে নিয়ে যান।

oooooooooooooooooooooooooo

ন্যায় বিচারের দাবিতে নবান্ন অভিযানে পুলিশ, নিরীহ আন্দোলনকারীদের ওপর আক্রমণ করেছে বলে রাজ্যপাল সিভি আনন্দ বোস ক্ষোভ প্রকাশ করেছেন। এক ভিডিও বার্ততায় তিনি বলেছেন, 'আন্দোলনকারীদের হাতে কোন রাজনৈতিক দলের পতাকা ছিল না। তারা জাতীয় পতাকা নিয়ে কর্মসূচিতে নেমেছিলেন। নিরীহ আন্দোলনকারীদের ওপর পুলিশ লাঠিচার্জ করেছে। পুলিশের আরো সংবেদনশীলতার সঙ্গে তাঁদের মোকাবিলা করা উচিত ছিল। পুলিশ জাতীয় পতাকার অবমাননা করেছে বলেও মন্তব্য করেছেন রাজ্যপাল।

ooooooooooooooooooooooo

বিজেপির সর্বভারতীয় সভাপতি জগত প্রকাশ নাড্ডা, নবান্ন অভিযানে প্রতিবাদীদের বিরুদ্ধে পুলিশী আচরণের তীব্র নিন্দা করেছেন। এক সোশ্যাল মিডিয়া পোস্টে শ্রী নাড্ডা বলেছেন, মারমুখী পুলিশের ছবি, গণতান্ত্রিক মূল্যবোধে বিশ্বাসী প্রতিটি মানুষকে ক্রুদ্ধ করেছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির শাসনে মহিলাদের সুরক্ষা নিয়ে কথা বলা অপরাধ হিসেবে গণ্য হয় কিনা, সেই প্রশ্ন তুলেছেন তিনি।

বিজেপি মুখপাত্র গৌরব ভাটিয়া, RG KAR-এ চিকিৎসকের ধর্ষণ ও হত্যার ঘটনা সম্পর্কে I-N-D-I-A জোটের নীরবতা নিয়ে প্রশ্ন তুলেছেন। নতুন দিল্লীতে সাংবাদিকদের তিনি বলেন, পশ্চিমবঙ্গে সংবিধানকে যখন মান্য করা হচ্ছেনা, তখন রাজ্য পুলিশ শান্তিপূর্ণভাবে প্রতিবাদকারী ছাত্রদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নিচ্ছে। এদিন'ও মুখ্যমন্ত্রীর পদত্যাগ এবং কলকাতা পুলিশ কমিশনারের অপসারণ দাবী করেন তিনি।

oooooooooooooooooooooo

আর জি কর কাণ্ডের প্রতিবাদে, রাজ্যে স্কুলগুলির ছাত্র-ছাত্রীদের বিদ্যালয়ের বাইরে মিছিল, মিটিংয়ে যোগদানে নোটিশ দিয়ে যে নিষেধাজ্ঞা জারি করেছিল পশ্চিম মেদিনীপুর জেলা বিদ্যালয় পরিদর্শক, গতকাল তা প্রত্যাহার করে নেওয়া হয়েছে।

এদিকে, শিক্ষক এবং ছাত্রদের স্বতঃস্ফূর্ত প্রতিবাদের চাপেই শেষ পর্যন্ত জেলা বিদ্যালয় পরিদর্শক তাঁর আগের নির্দেশিকা প্রত্যাহার করতে বাধ্য হয়েছেন বলে শিক্ষানুরাগী ঐক্য মঞ্চের সাধারণ সম্পাদক কিংকর অধিকারী মন্তব্য করেছেন ।

অন্যদিকে, বামপন্থী শিক্ষক সংগঠন ABTA-র নেতা জগন্নাথ খান বলেছেন, তাঁদের চাপে পড়েই জেলা বিদ্যালয় পরিদর্শক তার নোটিশ তুলে নিতে বাধ্য হয়েছেন

oooooooooooooooooooo

এদিকে, আর জি করের ঘটনার প্রতিবাদে জলপাইগুড়ির কদমতলা উচ্চ-বালিকাবিদ্যালয়ের ছাত্রীরা গতকাল এক মানববন্ধন কর্মসূচীতে সামিল হন। বিদ্যালয়ের সামনে থেকে কদমতলা মোড় পর্যন্ত তারা হাতে – হাত মিলিয়ে পথ অবরোধ করে।

অন্যদিকে, সিপিআইএম জোড়াসাঁকো কমিটির পক্ষ থেকে আর জি কর-এর ঘটনায় অপরাধীদের সঠিক বিচার ও স্বাস্থ্যমন্ত্রী পদত্যাগের দাবিতে আজ সন্ধ্যায় সূর্যসেন স্ট্রীটে এক মিছিলের ডাক দেওয়া হয়েছে।

আই এস এফ-এর পক্ষ থেকেও বারুইপুর পদ্মপুকুর পাম্প থেকে রবীন্দ্রভবন পর্যন্ত এক প্রতিবাদ মিছিলে যোগ দেবেন চেয়ারম্যান নওসাদ সিদ্দিক সহ দলের নেতা-কর্মীরা।

ooooooooooooooooooo

তৃনমূল কংগ্রেসের ছাত্র সংগঠন তৃণমূল ছাত্র পরিষদ (টিএমসিপি)-এর আজ প্রতিষ্ঠা দিবস। এই উপলক্ষে আজ কলকাতার মেয়ো রোডে এক সমাবেশের আয়োজন করা হয়েছে। ওই সমাবেশ মঞ্চে উপস্থিত থাকবেন দলনেত্রী মমতা ব্যানার্জী এবং সর্ব ভারতীয় সভাপতি অভিষেক বন্দ্যোপাধ্যায়।

উল্লেখ্য, আরজি কর এর ঘটনার পর এই প্রথম মমতা অভিষেক কোনো অনুষ্ঠানে একই সঙ্গে যোগ দিতে চলেছেন।

oooooooooooooooooooooo

কংগ্রেস ছাত্র সংগঠন পশ্চিমবঙ্গ রাজ্য ছাত্র পরিষদের ৭১-তম প্রতিষ্ঠা দিবসও আজ কলকাতার মহাজাতি সদনে যথারীতি পালন করা হবে। বিজেপি-র ডাকা ১২ ঘণ্টার বাংলা বনধে ছাত্র পরিষদের প্রতিষ্ঠা দিবস উদযাপনে কোন রকমভাবে ব্যাহত হবে না রাজ্য ছাত্র পরিষদের পক্ষ থেকে এক বিবৃতিতে জানানো হয়েছে।

oooooooooooooooooooooo

রেশন দুর্নীতিকাণ্ডে জেলবন্দি তিন অভিযুক্ত, বাকিবুর রহমান, শঙ্কর আঢ্য এবং বিশ্বজিৎ দাসের জামিন মঞ্জুর হয়েছে। কলকাতার বিশেষ ইডি আদালত গতকাল ৫০ লক্ষ টাকার ব্যক্তিগত বন্ডে তাঁদের জামিনের আবেদন মঞ্জুর করে।

প্রাক্তন খাদ্য মন্ত্রী জ্যোতিপ্রিয় মল্লিকের ঘনিষ্ঠ বাকিবুর গতবছর অক্টোবরে গ্রেপ্তার হবার পরই গ্রেপ্তার হন তৎকালীন বনমন্ত্রী জ্যোতিপ্রিয়। জানুয়ারীতে ইডি বনগাঁর প্রাক্তন পুরপ্রধান শঙ্কর আঢ্যকে এবং ফেব্রুয়ারীতে ব্যাবসায়ী বিশ্বজিত দাসকে গ্রেপ্তার করে।

oooooooooooooooooooooooooo

গতবারের বিজয়ী মোহনবাগান সুপারজায়ান্ট ১৩৩ তম ডুরান্ড কাপ ফুটবলের ফাইনালে শনিবার নর্থ ইস্ট ইউনাইটেডের মুখোমুখি হবে।

যুবভারতী ক্রীড়াঙ্গনে গতকাল দ্বিতীয় সেমিফাইনালে মোহনবাগান টাইব্রেকারে ৪-৩ গোলে ব্যাঙ্গালুরু এফসিকে হারিয়ে দেয় ।

নির্ধারিত সময়ে খেলা ২-২ থাকার পর টাইব্রেকারে ম্যাচের নিষ্পত্তি হয়। নির্ধারিত সময়ে মোহনবাগানের পক্ষে দিমিত্রি পেত্রাতোস ও অনিরুদ্ধ থাপা, ব্যাঙ্গালুরু এফসির সুনীল ছেত্রী ও ভিনিত ভেঙ্কটেশ গোল করেন। টাইব্রেকারে মোহনবাগানের হয়ে পেত্রাতোস, কোলাসো, মনবীর ও কামিন্স গোল করেন। সবুজ মেরুন গোলরক্ষক বিশাল কাইথ দুটি শট বাঁচিয়ে মোহনবাগানের জয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন।

এদিকে, গতকাল খেলা শেষে আদালতের নির্দেশ মেনে মোহনবাগান সমর্থকরা আরজিকর হাসপাতালের মৃত তরুণী চিকিৎসকের ন্যায়বিচারের দাবিতে টিফো প্রদর্শন করেন।

ooooooooooooooooooooo